অতি জরুরী
ফ্যাক্স/ই-মেইলযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা-১০০০।

নথি নংঃ এনবিআর/আইটি/এ.ডাব্লিউ.আই.পি./বিবিধ/ তারিখ ঃ ১৩/০৮/২০১৩ খ্রিঃ

## অফিস আদেশ

জাতীয় রাজস্ব বোর্ড গত ০১-০৭-২০১৩ তারিখ হতে পরীক্ষামূলকভাবে চট্টগ্রাম কাস্টম হাউসে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের আওতায় ইলেকট্রনিক কার্গো মেনিফেস্ট দাখিলের কার্যক্রম শুরু করেছে। এ ব্যবস্থা চট্টগ্রাম চেম্বারের উদ্যোগে চট্টগ্রাম কাস্টম হউসে স্হাপিত কাস্টমস অটোমেশন সিস্টেমের মাধ্যমে কার্গো মেনিফেষ্ট দাখিলের বিদ্যমান ব্যবস্থার পাশাপাশি চলমান ছিল।

০২। এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বর্তমান পরীক্ষামূলক ব্যবস্থাটি চূড়ান্ত ও স্থায়ী করার লক্ষ্যে আগামী ৩১/০৮/২০১৩ তারিখ পর্যন্ত চট্টগ্রাম চেম্বারের (ডেটাসফট সিস্টেমস) উদ্যোগে স্থাপিত বর্তমান কাস্টমস অটোমেশন সিস্টেমের আওতায় মেনিফেস্ট দাখিলের ব্যবস্থাটি অব্যাহত থাকবে। উক্ত তারিখের পর অর্থাৎ, ০১-০৯-২০১৩ তারিখ হতে নতুন করে কোন কার্গো মেনিফেস্ট ডেটাসফট সিস্টেমের মাধ্যমে দাখিল করা হলে তা বিবেচিত হবেনা এবং এর বিপরীতে বিল অব এন্ট্রি দাখিলের তথা পণ্য খালাসের সুযোগ থাকবেনা। তবে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিলের কার্যক্রমটি যথারীতি ডেটাসফট সিস্টেমস ও এ্যাসাইকুডা++ সিস্টেমের এর আওতায় ৩০-০৯-২০১৩ তারিখ পর্যন্ত বিদ্যমান পদ্ধতিতেই পরিচালিত হবে।

০৩। তাই, আগামী ০১-০৯-২০১৩ তারিখ হতে কেবল এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমেই কার্গো মেনিফেষ্ট দাখিলের জন্য সংশ্লিষ্ট সকল পক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। তবে যেহেতু আপাততঃ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এন্ট্রি দাখিল শুরু হচ্ছে না, তাই স্বয়ংক্রিয়ভাবে মেনিফেস্ট ভ্যালিডেশনের সুবিধা পাওয়া যাবেনা। তাই, সম্ভাব্য জ্বাল-জালিয়াতি বা অন্যান্য অনিয়মের প্রবণতা রোধকল্পে এবং সুচারুভাবে সিস্টেমটি পরিচালনার লক্ষ্যে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এন্ট্রি দাখিলের ব্যবস্থা চালু না করা পর্যন্ত সাময়িকভাবে বিকল্প ব্যবস্থা হিসাবে চট্টগ্রাম কাস্টম হাউস কর্তৃপক্ষ নিম্নেবর্ণিত ব্যবস্থা গ্রহণ করবে, যথাঃ

(ক) চট্টগ্রাম কাস্টম হাউসের হেল্পডেস্ক যেন কার্যকরভাবে চালু থাকে তা নিশ্চিত করতে হবে। এ বিষয়ে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড কর্মসূচীর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সার্বক্ষণিকভাবে উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন;

(খ) এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে কোন মেনিফেস্ট দাখিল না হলে উক্ত বিল অব লেডিং এর বিপরীতে কোন বিল অব এন্ট্রি গ্রহণ করা যাবেনা। এক্ষেত্রে বর্তমানে নীচতলার প্যাভিলিয়ন হল রুমে শুল্কায়ন শাখা ভিত্তিক ডকুমেন্ট যাচাই করার যে ব্যবস্থা বলবৎ আছে তা জারি থাকবে। এ ব্যবস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে কোন মেনিফেস্ট দাখিল হয়েছে কিনা তা কম্পিউটারে দেখে নিয়ে সিস্টেমে প্রয়োজনীয় এন্ট্রি (বিল অব এন্ট্রি নাম্বার ও তারিখ এবং শুল্কায়ন শাখা) প্রদান করার পর বিল অব এন্ট্রি প্রয়োজনীয় দলিলাদিসহ শুল্কায়ন শাখায় যাবে;

(গ) শুল্কায়ন শাখায় কর্তব্যরত এ.আর.ও.-গণ একই বিল-অব-লেডিং একাধিকবার ব্যবহার হচ্ছে কিনা এবং মেনিফেস্টের বিবরণের সাথে দাখিলকৃত বিল অব এন্ট্রিতে প্রদত্ত বিবরণ সংগতিপূর্ন কিনা- তা এ্যাসাইকুডা

ওয়ার্ল্ড সিস্টেমে দাখিলকৃত মেনিফেস্ট দেখে নিশ্চিত হবেন এবং এক্ষেত্রে দাখিলকৃত বিল অব এন্ট্রিটি সংযুক্ত বিল অব লেডিং সংশ্লিষ্ট কিনা তা এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে যাচাই করে নিবেন। কোন অজুহাতেই এক্ষেত্রে কোনপ্রকার শিথিলতা বা অবহেলা গ্রহনযোগ্য হবেনা। শুল্কায়ন শাখার দায়িত্বপ্রাপ্ত আর.ও.-গণ বিষয়টি নিয়মিত মনিটর করবেন এবং কোন অনিয়ম যেন না ঘটে তা তত্বাবধান করবেন;

(ঘ) শুল্কায়ন শাখার দায়িত্বপ্রাপ্ত সহকারী/ডেপুটি কমিশনারগণ দিন শেষে দাখিলকৃত সকল বিল অব এন্ট্রির তালিকা নিয়ে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে দাখিলকৃত মেনিফেস্টের সাথে তা যাচাই করে যথাযথ আছে কিনা এবং এ্যাসেসমেন্ট নোটিস মোতাবেক শুল্ক করাদি পরিশোধিত হলো কিনা - তা নিশ্চিত করবেন। এ বিষয়ে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড কর্মসূচীর টেকনিক্যাল টিম উপযুক্ত এমআইএস প্রনয়ণ করে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। কাস্টম হাউসের সিস্টেম ম্যানেজার বিষয়টির সার্বিক তত্বাবধান করবেন।

(ঙ) প্রযুক্তি স্থানান্তরকালে যেন কোন প্রকার অনিয়ম না ঘটে সে লক্ষ্যে বাড়তি সতর্কতামূলক সাময়িক ব্যবস্থা হিসাবে যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর পরিশিষ্ট-ক অনুযায়ী একটি অঙ্গীকারনামা প্রতিটি বিল অব এন্ট্রির বিপরীতে সিএন্ডএফ এজেন্টদের নিকট হতে নিতে হবে।

(চ) বন্দরের সিটিএমএস সিস্টেম পরিচালনার লক্ষ্যে বন্দর কর্তৃপক্ষকে এবং ডেঞ্জারাস গুডস (ডিজি) বিষয়ক কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ নৌ-বাহিনীকে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড কর্মসূচীর টেকনিক্যাল টিমের মাধ্যমে ১৮-২২ আগস্ট ২০১৩ সময়কালে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

(ছ) বন্দর কর্তৃপক্ষকে সাময়িক ব্যবস্থা হিসাবে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম হতে মেনিফেস্টের তথ্যাদি বন্দরের সিটিএমএস সিস্টেমে ব্যবহারের জন্য প্রদান করা হবে এবং এলক্ষ্যে অনতিবিলম্বে একটি সমঝোতা স্মারক চট্টগ্রাম কাস্টম হাউস ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের মধ্যে স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে, পরবর্তীতে বন্দর কর্তৃপক্ষকে স্থায়ী ব্যবস্থা হিসাবে পোর্টস এ্যাক্ট, ১৯০৮ এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ অধ্যাদেশ, ১৯৭৬ এর সংশ্লিষ্ট বিধানমতে মাস্টার অব দ্য ভেসেল বা তাদের নিয়োজিত শিপিং এজেন্ট হতে সরাসরি কার্গো মেনিফেস্ট ইলেকট্রনিক্যালি সিটিএমএস সিস্টেমে জমা নেয়ার ব্যবস্থা গ্রহণ করবে।

(জ) এ আদেশ প্রতিপালনে চট্টগ্রাম কাস্টম হাউস প্রয়োজনে বিস্তারিত কার্যপদ্ধতি উল্লেখ করে একটি অভ্যন্তরীণ অফিস আদেশ জারি করতে পারে এবং এতে কোন সহযোগিতার প্রয়োজন হলে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড কর্মসূচীর কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(এস,এম, শামীমুর রহমান)
দ্বিতীয় সচিব (শুল্ক)
ও
উপ প্রকল্প পরিচালক, এ্যাসাইকুডা ওয়ার্ল্ড কর্মসূচী
Email: shamim.rahman@customs.gov.bd

পরিশিষ্ট-ক

অঙ্গীকারনামা

আমি জনাব/মিসেস/মিজ ............................................................ সত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক/অনুমোদিত স্বাক্ষরকারী, মেসার্স ........................................................................................ (সিএন্ডএফ এজেন্সির নাম), ঠিকানাঃ ... ........................... ............................ ........................... ............................. এই মর্মে অঙ্গীকার করছি যে আমাদের প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল অব এন্ট্রি নাম্বার ......................... তারিখ........................এ উল্লিখিত বিল অব লেডিং (বিএল) নাম্বার ................................., তারিখঃ....................... এর বিপরীতে ইতোপূর্বে কোন প্রকার বিল অব এন্ট্রি দাখিল করা হয়নি।

আমি আরোও অঙ্গীকার করছি যে দাখিলকৃত বিল অব এন্ট্রিতে প্রদত্ত পণ্যের বিবরণ ও অন্যান্য তথ্যাদি উল্লিখিত বিল অব লেডিং ও এই সাথে সংযুক্ত বিল অব এন্ট্রি নাম্বার ..........................., তারিখঃ..................সংশ্লিষ্ট ইনভয়েসের সাথে সংগতিপূর্ন।

ভবিষ্যতে আমাদের এ অঙ্গীকারনামার কোন ব্যত্যয় দেখা দিলে কাস্টমস এ্যাক্ট ১৯৬৯ এর বিধান এবং কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা অনুযায়ী আমার/আমাদের প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন ব্যবস্থা গৃহীত হলে আমাদের কোন আপত্তি থাকবেনা।

এ অঙ্গীকারনামা আমি স্বেচ্ছায় ও সজ্ঞানে কমিশনার অব কাস্টমস, চট্টগ্রাম কাস্টম হাউস, বরাবরে প্রদান করলাম।

তারিখঃ........................................
চট্টগ্রাম।

(স্বাক্ষরকারীর পূর্ন নাম ও পদবী)
প্রতিষ্ঠানের নাম ও এআইএন নাম্বার

প্রতিষ্ঠানের অফিশিয়াল সীল

নথি নংঃ এনবিআর/আইটি/এ.ডাব্লিউ.আই.পি./বিবিধ/৯৭৩ (১-১৭) তারিখ ঃ ১৩/০৮/২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
২। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (সংশ্লিষ্ট সকলকে অবহিত করে বিষয়টি যথাযথভাবে সমন্বয় ও বাস্তবায়ণের জন্য নির্দেশিত হয়ে সবিনয় অনুরোধ করা হ'ল)।
৩। কমোডর কমান্ডিং, বাংলাদেশ নৌবাহিনী, চট্টগ্রাম।
৪। ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, এ্যাসাইকুডা ওয়ার্ল্ড, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা( চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ।
৭। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এ্যাসোসিয়েশন (বিজিএমইএ)।
৮। সভাপতি, বাংলাদেশ নীট গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এ্যাসোসিয়েশন (বিকেএমইএ)।
৯। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ।
১০। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম
১১। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম।
১২। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডাস এসোসিয়েশন, চট্টগ্রাম।
১৩। সভাপতি, চট্টগ্রাম কাস্টম হাউস সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম
১৪। জনাব মাহবুব জামান, ব্যবস্থাপনা পরিচালক, ডেটাসফট ম্যানেজমেন্ট সার্ভিসেস, ফিনলে হাউস (৫ম তলা), ১১-আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৫। সদস্য (শুল্কঃ নীতি, গবেষনা ও পরিসংখ্যান) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬। সদস্য (রপ্তানী, বন্ড ও আইটি) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। অফিস কপি।

Shamim 13/8/13

(এস,এম, শামীমুর রহমান)
দ্বিতীয় সচিব (শুল্ক)
ও
উপ প্রকল্প পরিচালক, এ্যাসাইকুডা ওয়ার্ল্ড কর্মসূচী
Email: shamim.rahman@customs.gov.bd